তারিখ ... 09 SEP 1992
পৃষ্ঠা ... ৯ ... কলাম ২ ...

দৈনিক ইত্তেফাক

25

# নিরক্ষরতা দূরীকরণে সরকার দৃঢ়প্রতিজ্ঞ

.......................... শিক্ষামন্ত্রী

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল মঙ্গলবার যথাযথ মর্যাদা সহকারে বাংলাদেশে নিরক্ষরতা দূরীকরণের সংকল্প গ্রহণের মধ্য

(১১শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

(১ম পৃঃ পর)

দিয়া আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হয়। দিবসটি পালনের উল্লেখযোগ্য কর্মসূচীর মধ্যে ছিল বর্ণাঢ্য শোভাযাত্রা, সেমিনার, আলোচনা সভা অক্ষর শিখানো এবং প্রকাশনা উৎসব।

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস এবং প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এই উপলক্ষে বাণী প্রদান করেন। সংবাদপত্রসমূহ বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করে এবং বাংলাদেশ টেলিভিশন ও রেডিও বাংলাদেশ বিশেষ অনুষ্ঠানমালা প্রচার করে।

শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের যৌথ উদ্যোগে জাদুঘর মিলনায়তনে আয়োজিত, সবার জন্য শিক্ষা শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির ভাষণে শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার বলেন, ২০০০ সাল নাগাদ দেশ হইতে নিরক্ষরতা দূরীকরণে সরকার দৃঢ় প্রতিজ্ঞ। জনগণের উদ্যোগ এবং ইউনিসেফ, ইউনিস্কো এবং বিশ্ব ব্যাংকের সহায়তায় ইহা সম্ভব। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত সচিব কাজী রকিব উদ্দিন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনাসভায় অংশগহণ করেন শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান, শিক্ষা সচিব সফিউল আলম, সমন্বিত উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তার কার্যক্রম-এর নির্বাহী পরিচালক এস, এম, সাইফউদ্দীন ও বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সচিব মিসেস তৌহিদা ফারুকী।

অধ্যক্ষ ইউনুস খান বলেন, সাক্ষরতা কার্যক্রমকে একটি সামাজিক আন্দোলন হিসাবে গ্রহণ করিতে হইবে।

শফিউল আলম বলেন, গণশিক্ষা কার্যক্রমের জন্য একটি খসড়া পরিকল্পনা প্রস্তুত করা হইয়াছে।

বাংলাদেশ জাতীয় ইউনেস্কো ক্লাব এসোসিয়েশন আয়োজিত আলোচনা সভায় বক্তাগণ বলেন, জাতীয়তাবাদী চেতনাসমৃদ্ধ বাস্তব ভিত্তিক কার্যক্রম ২০০০ সাল নাগাদ দেশ হইতে নিরক্ষরতা দূর করিতে পারে।

সংগঠনের সভাপতি সাংবাদিক গিয়াস কামাল চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই আলোচনা সভায় অংশগ্রহণ করেন পরিবেশ, বন, মৎস্য ও পশু পালন মন্ত্রী আব্দুল্লাহ আল নোমান, শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান, মীর রমজান আলী, ডঃ এ, কে, এম, আবদুল মতিন প্রমুখ।

ঢাকা আহছানিয়া মিশন সাক্ষরতার ব্যাপারে সচেতনতা সৃষ্টির জন্য জাতীয় যাদুঘর হইতে প্রেসক্লাব পর্যন্ত শোভাযাত্রা বাহির করে। মিশনের অন্যান্য কর্মসূচীর মধ্যে ছিল সাক্ষরতা ও উন্নয়ন যোগাযোগ উপকরণ প্রদর্শনী এবং আলোচনা সভা। এই উপলক্ষে মিশনের উদ্যোগে দেশব্যাপী অনুরূপ কর্মসূচী পালন করা হয়। জাতিসংঘ তথ্য কেন্দ্রে আহছানিয়া মিশন আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির ভাষণ দেন শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দিন সরকার। এস, এম, আল হোসাইনীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় আরও বক্তৃতা করেন শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান, শিক্ষা সচিব শফিউল আলম, ইউ,এন,ডি পি'র উপ আবাসিক প্রতিনিধি উনষ্টন টেম্পল প্রমুখ।

ইহাছাড়া ইউসেপ, জিন্দাবাদ সাংস্কৃতিক জোট, রোটারাক্ট ক্লাব অব নটরডেম কলেজ, জাতীয় তরুণ সংঘ, বাংলাদেশ বেকার কল্যাণ সমিতি, ইউনেস্কো ক্লাব নারায়ণগঞ্জ পৃথক পৃথক কর্মসূচীর মাধ্যমে দিবসটি পালন করে।